I 587/ 500 Rs.

INDIA NON JUDICIAL

५००रू.    Rs500

भारत

पाँच सौ रुपया    FIVE HUNDRED RUPEES

Admissible under Regn. Rule 2... Duty Stamped under the Indian Stamp Act ... [illegible] ... 23 ... the ... 360 ... the Calcutta ... 1911 Rs. 14 ...

Total Rs. 500

Fee Paid

A 61.50
11.50

District Sub-Registrar
ALIPORE
16.11.7[illegible]

বিক্রয় কোবালা গৃহীতা -

১। শ্রী রমা শঙ্কর বন্দ্যোপাধ্যায়
২। শ্রী শ্যামা শঙ্কর বন্দ্যোপাধ্যায়
৩। শ্রী গৌরী শঙ্কর বন্দ্যোপাধ্যায়
৪। শ্রী আশীষ কুমার বন্দ্যোপাধ্যায়
সর্ব্ব পিতা শ্রী তিনকড়ি বন্দ্যোপাধ্যায়
জাতি হিন্দু, পেশা - চাকুরী
সাং ৬ নং সতীশ মুখার্জ্জী রোড,
থানা টালীগঞ্জ, জেলা ২৪ পরগণা।

বিক্রয় কোবালা দাতা -

শ্রী গিরিজা শঙ্কর বন্দ্যোপাধ্যায়
পিতা শ্রী তিন কড়ি বন্দ্যোপাধ্যায়
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং ১১এ মনোহর পুকুর লেন
থানা টালীগঞ্জ, জেলা ২৪ পরগণা।

কস্য জমি জমা মায় ইমারতাদি নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায়
বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে জেলা ২৪ পরগণা সাবরেজিষ্টী আলিপুর
সহর কলিকাতা কর্পোরেসনের এলেকাধীন ৬ নং সতীশ মুখার্জ্জী রোড প্রেমিসেস -

নিম্ন তপশীলে বিশেষ রূপে বর্ণিত /১৭২১ বর্গ ফুট জমি মায় তদুপরিস্থিত ইমারত বাটী এবং জেলা ২৪ পরগণা সাবরেজিস্ট্রী বারাসতের এলেকাধীন মৌজা বিষ্ণুপুর গ্রামে ৬৪ নং খতিয়ান ভুক্ত বিভিন্ন দাগে সর্বব মোট ৩.০৪ তিন একর চারি শতক জমি এবং ঐ মৌজার ১৪৭ খতিয়ানে বিভিন্ন দাগে সর্ব্ব মোট .৩৪ শতক জমি যাহা নিম্ন তপশীলে ২নং দফায় বিশেষ ভাবে বর্ণিত হইল উক্ত সমুদয় সম্পত্তি আমার ঠাকুরমাতা শ্রীমতী ফুল বালা দেবীর নিজ খরিদা স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে।

আমার ঠাকুর মাতা শ্রীমতী ফুল বালা দেবী তাহার স্বত্ব দখলীয় উক্ত - দুই কেতা সম্পত্তির বাবদ ইংরাজী ১৯৬৫ সালের ৩রা আগষ্ট তারিখে একেতা চরম উইল পত্র সহি সম্পাদন করেন।

আমার ঠাকুর মাতা শ্রীমতী ফুল বালা দেবী বিগত ইংরাজী ১৯৭২ সালের ২৫ শে জানুয়ারী তারিখে মৃত্যুমুখে পতিত হয়েন।

ঠাকুর মার সহি সম্পাদিত উইলে এইরূপ বিধান থাকে যে তাহার পৌত্রদের মধ্যে যাহারা অবিবাহিত আছে সেই পৌত্রগণ মধ্যে যদি কেহ তাহার পিতা মাতার অমতে অসবর্ণ বিবাহ করে তাহা হইলে সে ঠাকুর মার সম্পত্তি হইতে বঞ্চিত হইবে।

আমি আমার পিতা শ্রী তিন কড়ি বন্দোপাধ্যায়ের এবং আমার - মাতার অমতে অসবর্ণ বিবাহ করিয়াছি এবং সেকারন উক্ত উইলের বিধান মতে ঠাকুর মার ত্যক্ত উক্ত সম্পত্তি হইতে বঞ্চিত হইয়াছি, এবং ঠাকুরমার ত্যক্ত - উক্ত সমুদয় সম্পত্তিতে আমার স্বত্ব বা দখলের কোন অধিকার নাই।

আপনারা কোবালা গ্রহীতাগণ আমার ভ্রাতা হইতেছেন এবং আপনারা ১ – ৩ নং দলিল গ্রহীতাগণ ঠাকুর মার উক্ত উইলে নিযুক্তীয় – একজিকিউটর হইতেছেন। ঠাকুর মার মৃত্যুর পর আপনারা উক্ত উইলের প্রবেট লইবার জন্য আলিপুর ডিষ্ট্রীক্ট ডেলিগেট আদালতে ১৯৭৩ সালের উনচল্লিশ আইনে ৪৫ নং মোকদ্দমা প্রার্থনা করিয়াছেন এবং আমার উপর নোটিশ জারী করিয়াছেন।

আমি আমার পক্ষে উকিল নিযুক্ত করিয়া উক্ত মোকদ্দমায় আপত্তি দাখিল করিবার নিমিত্ত কয়েকটি সময় লইয়াছি।

এক্ষনে সর্ব্ব আপত্তি খণ্ডনার্থে এবং ভবিষ্যতে আইনগত তর্কের হাত হইতে এড়াইবার নিমিত্ত তদুপরি আমি আপনাদের ভ্রাতা বিধায় আপনারা – আমাকে অদ্য তারিখে নগদ ১০,০০০৲ দশ হাজার টাকা প্রদান করিয়া আপনাদের বরাবর বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিবার প্রস্তাব করিলে – আপনাদের প্রস্তাবে সম্মত হইয়া অদ্য তারিখে নিম্ন জায়মত ১০,০০০৲ দশ হাজার টাকা আপনাদের নিকট হইতে প্রাপ্ত হইয়া তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার – কোন দাবী দাওয়া বা অধিকার না থাকার বিষয়ে স্বীকার অঙ্গীকার করিয়া আপনাদিগের বরাবর অত্র বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করিয়া দিলাম। আপনারা তপশীল বর্ণিত সম্পত্তিতে ঠাকুর মার উইলের সর্ত্তানুসারে ষোল আনা মালিক স্বরূপে স্বত্ববান বা দখলিকার থাকিয়া যথা স্থানে নিজ নাম পত্তন করতঃ যথারীতি খাজনা ট্যাক্সাদি প্রদানে পুত্র পৌত্রাদি ওয়ারিসান স্থলাভিষিক্তগণক্রমে আমার বা আমার ওয়ারিসানদের বিনা ওজর আপত্তিতে সর্ব্ব প্রকার দান বিক্রয় হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে পরম সুখে ভোগদখল করিতে থাকুন। ইহাতে আমি বা আমার ওয়ারিসানগনের কাহারও কোন ওজর আপত্তি চলিবে না করিলেও তাহা নামঞ্জুর ও বাতিল হইবে।

Girija Sankar Banerji

এতদ্বারা আরও স্বীকার অঙ্গীকার করিতেছি যে তপশীল বর্ণিত সম্পত্তির বাবদ উক্ত প্রবেট মোকদ্দমায় আমি অদ্য তারিখে আপনারা যাহাতে প্রবেট প্রাপ্ত হয়েন তজ্জন্য লিখিত সম্মতি দাখিল করিলাম ।

তপশীল সম্পত্তির হানিজনক বা ক্ষতিকর কার্য্য আমি করি নাই বা করিবার কোন অধিকার আমার ছিল না বা নাই । উহাতে পূর্ববাপর ঠাকুর মার মৃত্যুর পর তাহার কৃত উইল মূলে আপনারা ষোল আনা মালিক দখলিকার আছেন এবং থাকিবেন । তপশীল বর্ণিত সম্পত্তিতে কোন স্বত্বের বা দখলের দাবী আরোপ করিয়া আমি কাহাকেও দান বিক্রয় বা ভিন্ন মূলে হস্তান্তর - করিবার নিমিত্ত কোন চুক্তি করি নাই বা কাহাকেও দান বিক্রয় হস্তান্তর করি নাই বা উহার বাবদ কোন মামলা মকদ্দমা করি নাই বা কাহাকেও মরগেজের দায়ে আবদ্ধ করি নাই ।

আমার উপরোক্ত উক্তির কোন উক্তি মিথ্যা বলিয়া প্রমানিত হইলে এবং আমার কোন কার্য্যের জন্য তপশীল বর্ণিত সম্পত্তিতে আপনাদের স্বত্ব দখলের কোনরূপ কোন বাধা বিঘ্ন উপস্থিত হইলে মাফিক আইন আমলে আসিয়া আপনাদের যাবতীয় ক্ষতি পূরণ করিতে ওয়ারিসানগণক্রমে বাধ্য থাকিব ।

এতদর্থে স্বেচ্ছায় সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র বিক্রয় কোবালা দলিল পড়িয়া বুঝিয়া এবং ইহার মর্ম্ম সম্যক অবগত থাকিয়া সহি সম্পাদন করিলাম । ইতি ইংরাজী সন ১৯৭৩ সালের - 16th November মোতাবেক বাংলা সন ১৩৮০ সালের - ৩০শে কার্ত্তিক

তপশীল সম্পত্তির পরিচয় –

১। জেলা ২৪ পরগণা সাবরেজেষ্টী আলিপুর থানা টালিগঞ্জ এলেকাধীন ডিহি ৫৫ গ্রাম ডিভিসন ৬ সাব ডিভিসন কিউ ৩ নং হোলডিং ভুক্ত কমবেশ ১৮২১ বর্গ ফুট জমি মায় তদুপরিস্থিত পাকা তিনতলা ইমারত বাটী যাহা – বর্তমানে কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত ৬ নং সতীশ মুখার্জির রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি। উহাতে আমার যে কিছু স্বত্ব স্বামীত্ব আছে উহাই বিক্রীত সম্পত্তি হইতেছে। মূল্য ৭০০০ সাত হাজার টাকা।

২। জেলা ২৪ পরগণা সাবরেজিষ্টী বারাসাতের এলেকাধীন মৌজা – বিষ্ণুপুর গ্রামে জে এল নং ১০৬ রেঃ সাঃ ১৬২ খতিয়ান ৬৪ ভুক্ত –

| দাগ নম্বর – | জমির রকম | জমির পরিমান |
|---|---|---|
| ১৭৭ একশত সাতাত্তর | বাগান | ·৯৭ |
| ১৯২ একশত বিরানবুই | ডাঙ্গা | ·৪৫ |
| ১৯৪ একশত চুরানবুই | বাগান | ·৫৭ |
| ১৯৫ একশত পঁচানবুই | বাস্তু | ·২৬ |
| ১৯১ একশত একানবুই | বাগান | ·৭৯ |
| | | ৩·০৪ শতক |

ইহার খাজনা বার্ষিক ৮্ টাকা পশ্চিম বঙ্গ সরকারকে দেয়।

Girija Sankar Banerjee

উক্ত মৌজায় ১৪৭ নং খতিয়ান ভুক্ত –

| দাগ নম্বর – | | জমির রকম | জমির পরিমান |
|---|---|---|---|
| ১৯১ / ৪০৩ | একশত একানবুইর / বাঁটা চারিশত তিন | পুকুর – | ·২৪ |
| ১৮৮ / ৪০৪ | একশত অষ্ট আশির / বাঁটা চার শত চার | ডাঙ্গা | ·১০ |
| | | | ·৩৪ শতক । |

ইহাতে আমার যে কিছু সত্ব স্বামীত্ব আছে উহাই বিক্রীত সম্পত্তি হইতেছে ।

মূল্য ৩০০০৲ তিন হাজার টাকা ।

ইসাদি ঃ– Girija Sankar Banerjee

Sudhir Kumar Majumdar
Advocate

Sisir Kumar Banerjee
Nalkura,
P.O. - Baduria,
24 Parganas.

Taraknath Mukherjee
23/3F, Satish Mukherjee Road.
Cal-26.

টাইপ কারক
[illegible] ঘোষ।
আলিপুর জজ কোর্ট ।